(ঘ) **স্বার্থসংশ্লিষ্টতা ও ব্যবসায় বা পেশাগত যুক্ততা:**

(১) তিনি কোনো ফাইন্যান্স কোম্পানি বা ব্যাংক-কোম্পানী বা বীমা কোম্পানী অথবা উক্তরূপ কোম্পানীসমূহের নিয়ন্ত্রিত কোনো প্রতিষ্ঠানের পরিচালক থাকতে পারবেন না বা উক্ত প্রতিষ্ঠানসমূহের কোনো লাভজনক পদে নিযুক্ত থাকতে পারবেন না;

(২) তিনি অন্য কোনো ব্যবসায়ে বা পেশায় নিয়োজিত থাকতে পারবেন না;

(৩) সংশ্লিষ্ট ফাইন্যান্স কোম্পানিতে তাঁর কোনো ব্যবসায়িক স্বার্থ জড়িত থাকতে পারবে না;

(৪) ফাইন্যান্স কোম্পানির কোনো পরিচালকের মালিকানাধীন বা স্বার্থ সংশ্লিষ্ট বা নিয়ন্ত্রণাধীন প্রতিষ্ঠানের সাথে তাঁর কোনো সংশ্লিষ্টতা থাকতে পারবে না;

(৫) সংশ্লিষ্ট ফাইন্যান্স কোম্পানির পরিচালক পর্ষদে তাঁর পরিবারের কোনো সদস্য অন্তর্ভুক্ত থাকতে পারবেন না;

৩। **বয়স সীমা:** কোনো ব্যক্তির বয়স ৬৫(পঁয়ষট্টি) বছর অতিক্রান্ত হলে তিনি কোনো ফাইন্যান্স কোম্পানির ব্যবস্থাপনা পরিচালক বা প্রধান নির্বাহী কর্মকর্তা পদে অধিষ্ঠিত থাকতে পারবেন না। প্রধান নির্বাহী কর্মকর্তা পদে নতুন নিয়োগের ক্ষেত্রে আবেদনের সর্বোচ্চ বয়সসীমা হবে ৬২(বাষট্টি) বছর।

৪। **পদের নামকরণ:** ফাইন্যান্স কোম্পানির শীর্ষ কর্মকর্তার পদনাম “ব্যবস্থাপনা পরিচালক” বা “প্রধান নির্বাহী কর্মকর্তা” হিসেবে অভিহিত হবে।

৫। **নিয়োগ/নিযুক্তির মেয়াদ:** প্রধান নির্বাহী কর্মকর্তার নিয়োগের মেয়াদ হবে সাধারণভাবে ৩(তিন) বছর, তবে তিনি পুনঃনিয়োগের যোগ্য হবেন। পুনঃনিয়োগের ক্ষেত্রে প্রার্থীর বয়স যদি ৬৫ বছর অতিক্রান্ত হতে ৩(তিন) বছরের কম কিন্তু অন্যূন ১(এক) বছর সময় থাকে তবে সেক্ষেত্রে উক্ত সময়ের জন্যও তাঁকে নিয়োগ দেয়া যাবে। তবে যে মেয়াদের জন্যই প্রস্তাব করা হোক না কেন বাংলাদেশ ব্যাংক কর্তৃক প্রার্থীর সাক্ষাৎকার গ্রহণের পর তাঁর উপযুক্ততা পরীক্ষান্তে যে মেয়াদের জন্য নিয়োগ সুপারিশ করা হবে সে মেয়াদের জন্য তাঁকে ফাইন্যান্স কোম্পানি নিয়োগ প্রদান করবে।

৬। **নির্বাচন ও মূল্যায়ন প্রক্রিয়া:**

(১) প্রধান নির্বাহী কর্মকর্তা পদে যোগ্য ব্যক্তিগণের প্রতিদ্বন্দ্বিতা নিশ্চিতকরণের লক্ষ্যে সংশ্লিষ্ট ফাইন্যান্স কোম্পানি কর্তৃক বহুল প্রচারিত কমপক্ষে ২(দুই) টি বাংলা ও ২(দুই) টি ইংরেজি পত্রিকা এবং প্রতিষ্ঠানের ওয়েবসাইটে নিয়োগ বিজ্ঞপ্তি প্রকাশের মাধ্যমে একজন স্বচ্ছ ইমেজের যোগ্য ব্যক্তিকে নিয়োগের জন্য উদ্যোগ গ্রহণ করতে হবে;

(২) প্রধান নির্বাহী পদের জন্য প্রাপ্ত আবেদনসমূহ থেকে যোগ্যতম প্রার্থীকে নিয়োগ প্রদানের লক্ষ্যে স্বচ্ছতার সাথে আবেদনপত্র মূল্যায়নের জন্য প্রতিষ্ঠানের পরিচালক পর্ষদের অনুমোদিত একটি নিয়োগ কমিটি এবং মূল্যায়ন প্রক্রিয়া থাকতে হবে।

৭। **নিযুক্তি বা পুনঃনিযুক্তির কর্মসম্পাদন সূচক/নির্দেশক:** প্রধান নির্বাহী কর্মকর্তার নিযুক্তি বা পুনঃনিযুক্তির সময় ফাইন্যান্স কোম্পানির খেলাপী ঋণের পরিমাণ হ্রাস এবং অবলোপনকৃত (Written off) ঋণ আদায়ের সুনির্দিষ্ট লক্ষ্যমাত্রা যুক্ত করতে হবে, এবং সময়ে সময়ে এর অগ্রগতি তদারকি করতে হবে। একইসাথে উক্ত পদে নিযুক্ত ব্যক্তির কর্মমূল্যায়নের লক্ষ্যে ৩(তিন) বছরের জন্য বা তাঁর নিযুক্তি বা পুনঃনিযুক্তির মেয়াদে সুনির্দিষ্ট আর্থিক ও ব্যবস্থাপনাগত উন্নতি বিধানের তথা অন্যান্য কর্মসম্পাদন সূচক/নির্দেশক (Performance indicators) যুক্ত করতে হবে। এতদ্ব্যতীত, আমানতকারীদের স্বার্থে বা ফাইন্যান্স কোম্পানির বা জনস্বার্থে বাংলাদেশ ব্যাংক কর্তৃক সময় সময় যে

(৬) মনোনীত ব্যক্তির ঘোষণাপত্র (পরিশিষ্ট -'ক');

(৭) মনোনীত ব্যক্তির গোপনীয়তা রক্ষার ঘোষণাপত্র (পরিশিষ্ট -'খ)';

(৮) মনোনীত ব্যক্তির শিক্ষাগত যোগ্যতার সনদপত্রের সত্যায়িত কপি;

(৯) মনোনীত ব্যক্তি কর্তৃক প্রাপ্ত সর্বশেষ বেতন-ভাতা বা পুনঃনিযুক্তির ক্ষেত্রে প্রধান নির্বাহী কর্মকর্তা হিসেবে প্রাপ্ত সর্বশেষ বেতন-ভাতাদির বিবরণ ও তার সমর্থনে প্রয়োজনীয় কাগজপত্রাদি;

(১০) মনোনীত ব্যক্তির সর্বশেষ আয়কর সনদের কপি;

(১১) মনোনীত ব্যক্তির সিআইবি প্রতিবেদন এবং Enquiry Form-1 (পরিশিষ্ট -'ঘ'), Enquiry Form-2 (পরিশিষ্ট -'ঙ') ও Undertaking Form (পরিশিষ্ট -'চ');

(১২) তিনি নিজে বা পরিবারের কোনো সদস্য সংশ্লিষ্ট ফাইন্যান্স কোম্পানির শেয়ারধারণ করে থাকলে তার নিজের স্বাক্ষরিত ও ফাইন্যান্স কোম্পানির কোম্পানী সচিব কর্তৃক প্রতিস্বাক্ষরিত বিবরণ;

(১৩) তাঁর পারিবারিক ব্যবসায়িক স্বার্থ সংশ্লিষ্টতার বিবরণ (যদি থাকে) যথা- ব্যবসার নাম, ঠিকানা ও অন্যান্য প্রয়োজনীয় বিবরণ;

(১৪) মনোনীত ব্যক্তি প্রধান নির্বাহী পদে নিযুক্ত হলে ৩(তিন) বছরে বা তাঁর মেয়াদে ফাইন্যান্স কোম্পানির ঋণ শৃঙ্খলা, উন্নতি, উৎকর্ষতা, প্রযুক্তি, উদ্ভাবন সর্বোপরি আমানতকারীদের আস্থা এবং গ্রাহক সেবা বৃদ্ধিতে তিনি কিভাবে অবদান রাখবেন সে সম্পর্কে তাঁর নিজের স্বাক্ষরিত কর্মপরিকল্পনার বিবরণ;

(১৫) তিনি দ্বৈত নাগরিক হলে বা অন্য কোন দেশে স্থায়ী বা দীর্ঘমেয়াদে বসবাসের অনুমতির জন্য আবেদন প্রক্রিয়াধীন থাকলে তার বিস্তারিত বিবরণ;

(১৬) ব্যক্তিগত ও পারিবারিক প্রয়োজনে প্রায়শই বহিঃবাংলাদেশ ভ্রমণের প্রয়োজনীয়তা থাকলে সে সম্পর্কিত ঘোষণাপত্র।

(১৭) ফাইন্যান্স কোম্পানিটির প্রধান নির্বাহী পদের জন্য পত্রিকায় প্রচারিত নিয়োগ বিজ্ঞপ্তির কপি এবং ৬(২) নং অনুচ্ছেদ মোতাবেক সম্পাদিত মূল্যায়ন প্রতিবেদন।

১২। **মূল্যায়ন প্রতিবেদন:** প্রধান নির্বাহী কর্মকর্তার পুনঃনিয়োগের ক্ষেত্রে একটি মূল্যায়ন প্রতিবেদন ফাইন্যান্স কোম্পানির পরিচালক পর্ষদের অনুমোদনক্রমে চেয়ারম্যান কর্তৃক বাংলাদেশ ব্যাংকে দাখিল করতে হবে। এক্ষেত্রে নিম্নোক্ত বিষয়াদি বিবেচনায় নিতে হবে-

(১) খেলাপী ঋণ আদায়ের জন্য পূর্বনির্ধারিত লক্ষ্যমাত্রা অর্জনের পরিমাণ;

(২) অবলোপনকৃত(Write-off) ঋণ আদায়ের পূর্বনির্ধারিত লক্ষ্যমাত্রা অর্জনের পরিমাণ;

(৩) বাংলাদেশ ব্যাংক কর্তৃক নিয়োগের মেয়াদকালে সময় সময় নির্ধারিত দায়িত্ব/লক্ষ্যমাত্রা অর্জনের অগ্রগতি প্রতিবেদন;

(৪) সুনির্দিষ্টকৃত আর্থিক, ব্যবসায়িক ও ব্যবস্থাপনাগত উন্নতি বিধানের (Performance) লক্ষ্যমাত্রা অর্জনের বিবরণ;

(৫) ফাইন্যান্স কোম্পানির মুখ্য আর্থিক সূচক যথা- CAMELS এর কী ধরনের উন্নতি হয়েছে তার বিবরণ।

১৩। **বহিঃবাংলাদেশ ভ্রমণ:** ফাইন্যান্স কোম্পানির প্রধান নির্বাহী কর্মকর্তা হিসেবে নিয়োজিত ব্যক্তি দীর্ঘ সময়ের জন্য বাংলাদেশের বাইরে অবস্থান যতদূর সম্ভব পরিহার করবেন। বহিঃবাংলাদেশ ভ্রমণ অত্যাবশ্যকীয় হলে দেশের বাইরে গমনের অন্যূন ১০(দশ) কর্মদিবস পূর্বে বাংলাদেশ ব্যাংকের পূর্বানুমোদন গ্রহণের জন্য আবেদন করতে হবে। বহিঃবাংলাদেশ ভ্রমণের পূর্বানুমোদন গ্রহণের লক্ষ্যে ফাইন্যান্স কোম্পানি কর্তৃক প্রেরিত প্রস্তাবের সাথে নিম্নোক্ত তথ্যাবলী ও কাগজপত্রাদি (কোম্পানী সচিব কর্তৃক সত্যায়িত) দাখিল করতে হবে:

